

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ভুল বশত পানাহার করে, তার জন্য সিয়াম কাযা করা জরুরী নয় মর্মে বর্ণনা

ذكر نفي إِيجَابِ الْقَصَاءِ عَنِ الْآكِلِ وَالشَّارِبِ فِي صَوْمِهِ غَيْرَ ذَاكِرٍ لِمَا يَأْتِي مِنْهُ

আরবী

3511 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّقَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (إِذَا أَكَلَ الصَّائِمُ نَاسِيًا فَلْيُتِمَّ صَوْمَهُ فإنما أطعمه الله وسقاه) الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1551 اخلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (4/ الصفحة أو الرقم: 3511 اخلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (4/ ق. 86/938): ق.

বাংলা

৩৫১১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ""যখন সিয়াম পালনকারী ব্যক্তি ভুলবশত কোন কিছু খেয়ে নেয়, তবে সে যেন সিয়াম পূর্ণ করে। কেননা আল্লাহই তাকে খাইয়েছেন এবং পান করিয়েছেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪২৫; দারেমী: ২/১৩; সহীহুল বুখারী: ১৯৩৩; সহীহু মুসলিম: ১১৫৫; আবূ দাউদ: ২৩৯৮; সহীহু ইবনু খুয়াইমাহ: ১৯৮৯; দারাকুতনী: ২/১৭৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৭৩৭২; তিরমিযী: ৭২১; সুনান বাইহাকী: ৪/২২৯; ইবনুল জারুদ: ৩৮৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৮৬)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন